



*Embassy of the People's Republic
of Bangladesh
Tokyo*

Press Release

16 December 2020, Tokyo

Golden Jubilee of Victory Day Celebrated in Tokyo

The golden jubilee of glorious Victory Day was observed in Tokyo with much enthusiasm and fervor. This morning (16-12-2021, Thursday) the program started with hoisting of the National Flag with rendition of the National Anthem at the Embassy premises by the Ambassador of Bangladesh to Japan, Shahabuddin Ahmed. Later one-minute silence of respect was observed in the memory of the martyrs of the war of independence of Bangladesh in 1971.

The event gets new vibe when the sculpture of the half-bust of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman was unveiled by the Ambassador along with the guest and officials of the mission at the Bangabandhu Corner set up earlier on the third floor. Later, at the Bangabandhu auditorium special prayer (Munajat) was offered for the peace and salvation of the souls of valiant freedom fighters who made the supreme sacrifices during the liberation war. Besides, messages given on the Victory Day by the Honorable President, Honorable Prime-Minister, Foreign Minister and State-Minister for Foreign Affairs were read out to the audiences.

In the discussion session, in his speech, Ambassador solemnly recalled and paid tribute to the greatest Bengali of all time, the architect of Bangladesh, Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman and his family members who died on 15 August 1975. He also paid homage to the martyrs of our liberation war, national four leaders, organizers and supporters of liberation war and sacrifices made by the two lacs women who lost their dignity and honor for the country. Due to Prime Minister's hard work and prudent leadership the Bangladesh's development and progress are now recognized worldwide, he added. Even mitigating the adverse effect of COVID-19, growth rate of Bangladesh's economy is remarkable. Ambassador urged all concerned to contribute more from their respective positions for the well-being of the nation and to uphold the image of our country.

Besides, Minoru KIUCHI, Member of House of Representative also the Chairman of the Committee on Foreign Affairs of Japan in his remarks told that he had visited Bangladesh and was amazed with the progress Bangladesh has made. Sculptor of the half-bust of Bangabandhu Dr. Otsubo Osamu, Ambassador Matsushiro HORIGUCHI, president of Japan Bangladesh Society Ambassador Masato WATANABE, Masaaki Ohasi, Professor at the Tokyo Sacred Heart University, and Professor Kyoko NIWA of Bangla Department of Tokyo University also took part in the discussion. Speakers lauded fifty years of strong relations between the two countries and development of Bangladesh. They hoped that future Bangladesh would be more developed and prosperous. Friend of Bangladesh and Bangabandhu late Takashi HAYAKAWA's son Osamu HAYAKAWA was also present. Later leaders of the community and various social and cultural organizations living in Japan participated in the open discussion on the importance of the victory day. The program ended with screening a video documentary on the liberation war of 1971.

Later in the evening, family members of the embassy joined live online at the oath taking ceremony conducted by the Prime Minister Sheikh Hasina in Dhaka. A cultural program was also held including a cake cutting ceremony to celebrate the Victor Day.

Md. Shiplu Zaman
First Secretary (press)



Embassy of the People's Republic of Bangladesh Tokyo

প্রেস রিলিজ

১৬ ডিসেম্বর ২০২১, টোকিও

টোকিওতে বিজয় দিবসের সুবর্ণ জয়ন্তী উদযাপিত

টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস যথাযথ মর্যাদায় বিজয় দিবসের ৫০ বছর বা সুবর্ণ জয়ন্তী উদযাপন করেছে। মহান বিজয় দিবস উপলক্ষ্যে আজ সকালে (১৬ ডিসেম্বর ২০২১, বৃহস্পতিবার) দূতাবাস প্রাঙ্গণে দিনের কার্যক্রম শুরু হয় জাতীয় সংগীতের সঙ্গে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে। পতাকা উত্তোলন করেন জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ। পরে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

দূতাবাসের তৃতীয় তলায় স্থাপিত বঙ্গবন্ধু কর্নারে বঙ্গবন্ধুর আবক্ষ ভাস্কর্য স্থাপন এবছরের বিজয় দিবস উদযাপনে ভিন্ন মাত্রা যোগ করে। উপস্থিত অতিথি ও দূতাবাসের কর্মকর্তা কর্মচারীদের নিয়ে ভাস্কর্যটি উন্মোচন করেন রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ। দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে অনুষ্ঠানের পরবর্তী অংশে মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া (মোনাজাত) করা হয়। এছাড়া মহান বিজয় দিবস উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, এবং মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়।

পরে অনুষ্ঠিত আলোচনায় রাষ্ট্রদূত শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৯৭৫ সালের ১৫ই আগস্ট নিহত তাঁর পরিবারের সদস্যদের, জাতীয় চার নেতা, মুক্তিযুদ্ধের সকল শহিদ, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং সন্ত্রাস হারানো সকল বীর মা-বোনদের। তিনি জাপান প্রবাসীসহ সবাইকে বিজয় দিবসের শুভেচ্ছা জানান।

রাষ্ট্রদূত বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিরলস পরিশ্রম ও প্রাজ্ঞ নেতৃত্বে বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতি আজ সমগ্র বিশ্বে স্বীকৃত। করোনা ভাইরাসের মহামারির সঙ্কট মোকাবিলা করেও বাংলাদেশে আশাব্যঞ্জক অর্থনৈতিক প্রবৃদ্ধি হয়েছে। তিনি উন্নয়নের এই ধারাবাহিকতা রক্ষায় সবাইকে নিজ নিজ অবস্থান থেকে দেশের উন্নয়নে অবদান রাখার এবং বাংলাদেশের মর্যাদা অটুট রাখার আহ্বান জানান।

আলোচনা পর্বে জাপানের সংসদ সদস্য ও ফরেন এফায়ারস কমিটির চেয়ারম্যান মিনোরু কিউচি বলেন “আমি বাংলাদেশে গিয়েছি এবং সেখানে উন্নয়ন দেখে আমি মুগ্ধ”। বঙ্গবন্ধুর আবক্ষ ভাস্কর্যের শিল্পী ড. ওতসুবো ওসামু, সাবেক রাষ্ট্রদূত মাতসুহিরু হরিগুচি, জাপান বাংলাদেশ সোসাইটির প্রেসিডেন্ট সাবেক রাষ্ট্রদূত মাসাতো ওয়ানানাবে, টোকিও সেক্রেড হার্ট বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মাসাকি ওহাসি, টোকিও বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রফেসর কিওকো নিওয়া। বঙ্গুরা দুদেশের মধ্যে বিদ্যমান সম্পর্ক ও বাংলাদেশের উন্নয়ন তুলে ধরেন এবং আশা প্রকাশ করেন ভবিষ্যৎ বাংলাদেশ হবে আরো উন্নত ও আধুনিক। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু ও বাংলাদেশের পরম বন্ধু তাকাশি হায়াকাওয়ার পুত্র ওসামু হায়াকাওয়া। এছাড়া উন্মুক্ত আলোচনায় অংশ নেন জাপান প্রবাসী বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। মহান মুক্তিযুদ্ধের উপর ভিডিও তথ্যচিত্র প্রদর্শনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

এছাড়া সন্ধ্যায় বিজয় দিবসের সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে বাংলাদেশে মাননীয় প্রধানমন্ত্রীর শপথ বাক্য পাঠের সাথে দূতাবাস পরিবারের সদস্যগণও অনলাইনে সরাসরি শপথ গ্রহণ করেন। পরে সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয় এবং বিজয় দিবসের কেক কাটা হয়।

মুহা. শিপলু জামান
প্রথম সচিব (প্রেস)